

কারিগরি ও বৃত্তিমূলক
দক্ষতার উন্নয়নের
বিকল্প নাই

ডঃ হামিদ

বাসস জানায়, ইসলামী সম্মেলন
সংস্থার (ও আই সি) মহাসচিব ডঃ
হামিদ আল গাবিদ গতকাল
(বৃহস্পতিবার) বিশ্বব্যাপী বর্তমান
উন্নত দক্ষতার সহিত সামঞ্জস্য
(১১শ পৃ: প্রঃ)

ডঃ হামিদ

(১ম পৃ: পর)

রক্ষার উদ্দেশ্যে ইসলামী বিশ্বের
কারিগরি ও বৃত্তিমূলক বিশেষ
দক্ষতা উন্নয়নের আহ্বান জানাইয়া
ছেন। ডঃ হামিদ গতকাল
(বৃহস্পতিবার) জয়দেবপুরে ওআই-
সি'র অগ্রপ্রতিষ্ঠান কারিগরি ও
বৃত্তিমূলক প্রশিক্ষণ এবং গবেষণা
সংক্রান্ত ইসলামী কেন্দ্রের (আই-
সিটিভিটিআর) তৃতীয় সমাবর্তন
অনুষ্ঠানে বক্তৃতা করিতেছিলেন।
ডঃ হামিদ বলেন, এ ক্ষেত্রের উন্নয়ন
সাধন ছাড়া ইসলামী রাষ্ট্রগুলির
বিকল্প নাই।

ওআইসি মহাসচিব ছয়দিনের
সফরে চারদিন পূর্বে জয়দেব-
পুরে আসিয়াছেন। তিনি স্মরণ
করাইয়া দেন যে, মুসলিম বিশ্বের
জনসম্পদ এবং সমৃদ্ধ ঐতিহ্য
আজকের সভ্যতায় যথেষ্ট অবদান
রাখিতে পারে। ডঃ হামিদ বলেন,
অথচ বৃত্তিমূলক প্রশিক্ষণ এবং
গবেষণা সংক্রান্ত সুযোগ-সুবিধার
অভাবে মুসলিম বিশ্বের আর্থ-
সামাজিক উন্নয়ন ব্যাহত হইতেছে।

ডঃ গাবিদ বলেন যে, বর্তমান
প্রতিযোগিতামূলক বিশ্বে উন্নয়ন
ও অগ্রগতির জন্য বিশেষ দক্ষতা
অর্জনের প্রয়োজনীয়তার উপর
গুরুত্ব আরোপ করা না গেলে
ইসলামী বিশ্বকে উন্নত বিশ্বের
উপর নির্ভরশীল হইয়া থাকিতে
হইবে। ইসলামী দেশগুলির সবই
উন্নয়নশীল দেশ। এখানে উন্নয়নের
জন্য বিশেষ দক্ষতার প্রয়োজন
থাকিলেও ইসলামী দেশগুলিতে
রহিয়াছে কারিগরি দক্ষতার
অভাব।

ওআইসি মহাসচিব আইসিটি-
ভিটিআর-এর কার্যক্রমে সম্ভোগ
প্রকাশ করেন। এই কেন্দ্রে এখন
কারিগরি শিক্ষায় মাষ্টার ডিগ্রী এবং
মরক্কো হইতে ইন্দোনেশিয়া পর্যন্ত
সদস্য দেশগুলির ছাত্রদের যাত্রিক
ও উচ্চ প্রকৌশলের উপর ছয়টি
ডিপ্লোমা দেওয়া হইতেছে। ডঃ
হামিদ সৌদী আরব ও কুয়েতের
ন্যায় ঢাকায় এই কেন্দ্র প্রতিষ্ঠায়
সকল সহযোগিতা প্রদানের জন্য
বাংলাদেশের প্রশংসা করেন।

অনুষ্ঠানে বক্তৃতাকালে শিক্ষা
মন্ত্রী শেখ শহীদুল ইসলাম প্রযুক্তির
সাফল্যজনক ব্যবহারে কারিগরি
দক্ষতা অর্জনের উপর গুরুত্ব আরোপ
করেন। তিনি বলেন, ওআইসি'র
সদস্য দেশগুলি পরস্পরের অভি-
ক্ষতা ও দক্ষতা বিনিময় করিতে
পারে। শেখ শহীদ গতকালের
ডিপ্লোমা গ্রহণকারী ছাত্রদের
অভিনন্দন জানান। তিনি নিজ
নিজ দেশের অর্থনৈতিক উন্নয়নে
ছাত্ররা তাহাদের অর্জিত যেধা
কাঙ্ক্ষা লাগাইতে সক্ষম হইবে
বলিয়া আশা প্রকাশ করেন।

সংখ্যা... ১ SEP 1984

সংখ্যা... ১ SEP 1984